

ইসলামী বিশ্ববিদ্যালয়

শিক্ষক সমিতির
নির্বাচনে সবুজ
প্যানেল জয়ী

ইসলামী বিশ্ববিদ্যালয়
সংবাদদাতা ১১ গত ১২ই ডিসেম্বর
অনুষ্ঠিত ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক
সমিতির কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে
বাংলাদেশী জাতীয়তাবাদ ও ইসলামী
মূল্যবোধে বিশ্বাসী শিক্ষকদের সমন্বয়ে
গঠিত সবুজ প্যানেল সভাপতি ও
সাধারণ সম্পাদকসহ ১৪টি পদে এবং
মজিবুর ও বাজলী জাতীয়তাবাদে উদ্বুদ্ধ
শিক্ষকদের নিয়োগিত শাপলা প্যানেল
১টি পদে বিজয়ী হইয়াছেন।
সবুজ প্যানেল হইতে শিক্ষক সমিতির
বর্তমান সভাপতি এবং মানবিক ও
সমাজ বিজ্ঞান অনুষদের ডীন ফয়েজ
মোঃ নিরাজুল হক ৭৮ ভোট পাইয়া
সভাপতি পদে এবং একই প্যানেল
হইতে ৭৯ ভোট পাইয়া ব্যবস্থাপনা
বিভাগের সহকারী অধ্যাপক সরোয়ার
জাহান সাধারণ সম্পাদক পদে নির্বাচিত
হইয়াছেন। সহ-সভাপতি যুগ্ম সম্পাদক
ও কোষাধ্যক্ষ পদে সবুজ প্যানেলের
প্রার্থী যথাক্রমে ডঃ মোশাররফ হোসেন,
মোঃ মিজানুর রহমান এবং মুহাম্মদ
আফাজউদ্দিন বিজয়ী হইয়াছেন।
ইহাছাড়া ১০টি সদস্যপদের মধ্যে সবুজ
প্যানেল হইতে বিজয়ী নয়জন হইতেছেন
ডঃ মোহাম্মদ আশরাফ আলী, মোঃ
আবুল কালাম পাটওয়ারী, জাকির
হুসাইন, ডঃ স. ম. আব্দুল মান্নান, চৌধুরী
খসরু হি. প্রা, মুহাম্মদ আহম্মদউল্লাহ,
মাহফুজুর রহমান, মোঃ এল্লাহ আলী ও
তোজাউদ্দিন হোসেন। অপর সকল পদে
তীব্র প্রতিদ্বন্দিতার মাধ্যমে শাপলা
প্যানেলের প্রার্থী বিশ্ববিদ্যালয়ে প্রিন্সিপাল
মোঃ সেলিম তোহা ৭৩ ভোট পাইয়া
জয়ী হইয়াছেন।
শাপলা প্যানেলের সভাপতি প্রার্থী
প্রফেসর এম আলীউদ্দিন ৫৮ ভোট এবং
সাধারণ সম্পাদক প্রার্থী মনিরুজ্জামান
৫৭ ভোট পাইয়াছেন। বেশ কিছু পদে
তীব্র প্রতিদ্বন্দিতা হয়। ১৫২ জন
ভোটারের মধ্যে ১৩৮ জন ভোট প্রদান
করেন।